wny cosh

পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্যের উপর পাশ্চাত্য নিউ ইউর্ক পরিষদ (western new york council on occupational safety and health)

# পরিবারসংস্থান নির্দেশিকা



wny cosh

# আমাদের সমবেদনা



## প্রিয় পরিবারের সদস্য,

এইসময়ে কারোরই যন্ত্রণা কমানোর জন্য কিছু বলার অথবা করার থাকে না।
এইরকম ঘটনার সাথে যুক্ত যন্ত্রণায় সমবেদনা জানানো যায় না।
**বাইরে এরকম আরও অনেকে রয়েছেন যাদের অবস্থাও আপনারই মত।** মন, শরীর ও আত্মায় জায়গা করে নেওয়া এই বিধ্বস্ততার কথা আমরা জানি। আপনার প্রিয়জনেরা বিস্মৃত হননি- তাঁরা অনেকের হৃদয় এবং মনে রয়েছেন। আপনার মাধ্যমে এখনো তাঁদের কথা বলার রয়েছে। তাঁদের কথা শুনুন!

বলা হয়ে থাকে "একটি মৃত্যু হল দুঃখজনক, কিন্তু সহস্র মৃত্যু হল একটি পরিসংখ্যা।" **প্রতি বছর আমরা প্রায় 6,000 মৃত্যুর জন্য অনুশোচনা করি।** এই বিধ্বস্ত কর্মীদেরকে সবার আগে আমাদের হৃদয়ে জায়গা দেওয়া উচিৎ, হাজার হোক, তাঁরা আমেরিকার পরিবার; আমেরিকার স্বপ্নের জন্য লড়েছিল। আপনাকে এমন কিছু দেওয়ার জন্য আমরা এখানে রয়েছি যা আমাদের কাছে নেই- সমবেদনা, সহানুভূতি, সাহায্য, এবং আপনার প্রয়োজনের সময়ে কথা বলার ক্ষমতা।

একটি ভারাক্রান্ত অথচ আশাবাদী হৃদয়ের সাথে,

ট্যামি মিসার
নির্বাহীপরিচালক/প্রতিষ্ঠাতা
ইউনাইটেড সাপোর্ট অ্যান্ড মেমোরিয়াল ফর ওয়ার্কপ্লেস ফ্যাটালিটিস (ইউএসএমডব্লিউএফ)

## পরিবারগুলি এবং অগ্রগতি

কর্মক্ষেত্রে দুর্ঘটনাগ্রস্ত পরিবারগুলির প্রয়োজন ও প্রাপ্য হল আশা, জবাব, নির্দেশ, সাহায্য, এবং কৃতজ্ঞতা। USMWF, WNYCOSH, কলিশন ফর অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ (সিওএসএইচ গোষ্ঠী), ইউনিয়ন, কর্মীদের কেন্দ্র, যত্নশীল পরিবার, এবং সরকারী প্রতিষ্ঠানগুলি একযোগে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সদস্যদের প্রতি কিভাবে আচরণ করা হবে তা পরিবর্তন করছে এবং তাঁদের একটি সঠিক ও স্বচ্ছ তদন্ত প্রক্রিয়া প্রদানের মাধ্যমে তাঁদের প্রয়োজন মেটানো নিশ্চিত করে।


## ভূমিকা

একজন কর্মী যখন কর্মক্ষেত্রে মারা যান অথবা গুরুতর আহত হন, সেখানে নির্ভরশীল পরিবারের সদস্যগণ ও বন্ধুদেরকে বিভিন্ন অসুবিধা ও প্রশ্নের মুখে পড়তে হয়।

ঘটনার আকস্মিকতা, বেশিরভাগ কর্মক্ষেত্রে গণ মূল্যায়নের অভাব, এবং অন্তর্ভুক্ত সংস্থার ঘটনা পরবর্তী গোপনীয়তা, বেশিরভাগ সময় নিয়োগকারীকে রক্ষা করে এবং স্বাভাবিক অনুশোচনার প্রক্রিয়াকে হতাশাময় করতে পারে।

আমরা এই উপদেষ্টা সংস্থান বানিয়েছি কারণ আমরা জানি এই প্রক্রিয়াটি কতটা জটিল হতে পারে।

আমরা এটিও বুঝি যে বিভিন্ন সময়ে মানুষ বিভিন্নভাবে অনুশোচনা প্রকাশ করেন।  এই উপদেষ্টা সংস্থান আপনার প্রয়োজন অনুযায়ী আপনি ব্যবহার করতে পারবেন।  যদি আপনার আরও প্রশ্ন অথবা আলোচনা থাকে আপনি ফোন (716-833-5416) অথবা ইমেল (info@wnyworker.org) এর মাধ্যমে যেকোন সময়ে WNYCOSH এর যে কারো সাথে যোগাযোগ করতে পারেন।









বাবার পাশে বসে থাকা, জুলিয়া, তার ভাই মার্কের ছবি হাতে ধরে আছে যিনি একটি ঢালাই ফর্কলিফ্টে কাজ করার সময় কর্মক্ষেত্রে দুর্ঘটনায় মৃত্যুর মুখে পতিত হয়। মার্ক যেখানে কাজ করতেন সেই ওয়্যারহাউসের স্টিউয়ার্ড ছিলেন এবং তাঁর নিয়োগকর্তার কাছে অনিরাপদ কাজের পরিবেশ সম্পর্কে অনেকবার অভিযোগ জানিয়েছিলেন।

# সহায়তা

ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের তাঁদের প্রিয় মানুষদের হারানো অথবা গুরুতর আঘাতের ক্ষতি সামলে ওঠার জন্য সহায়তা প্রাপ্য। উপলব্ধ নিয়মমাফিক সহায়তা ব্যবস্থার সাথে সাথে, কর্মক্ষেত্রে দুর্ঘটনার জন্য এখানে আরও কিছু পরামর্শ রয়েছে:

## আপনার অধিকারগুলি

আপনি এই তথ্যের অধিকারী. তথ্য আইনের স্বাধীনতার অধীনে, আপনি নির্দিষ্ট কিছু নথি নিশ্চিতভাবে ব্যবহার করতে পারেন। আপনি সরকারকে আপনাকে সেই তথ্য পাঠাতে বলার জন্য অন্তর্ভুক্ত FOIAনমুনা চিঠি ব্যবহার করতে পারেন। আমরা সরকারী সংস্থাটি চিহ্নিত করতে এবং FOIA অনুরোধ কখন পাঠাতে হবে সে ব্যাপারে সাহায্য করতে পারি।

## পেশাদারের সাহায্য নেওয়ার কথা ভাবুন

কর্মক্ষেত্রে দুর্ঘটনার আশেপাশের পরিবেশ সবসময়ই বিপর্যস্ত হয় এবং প্রায়শই এর কারনে পোষ্ট ট্রমাটিক স্ট্রেস (PTS) এর সৃষ্টি করে। এই সমস্ত দুর্ঘটনাগুলির পরে পরিবারগুলিকে সহায়তা দেওয়ার জন্য কাউন্সিলারগণ অত্যন্ত উপকারী হতে পারেন. **যদি আপনি আপনার এলাকায় একজন কাউন্সিলার খোঁজার ব্যাপারে সহায়তা চান *WNYCOSH* এর সাথে যোগাযোগ করুন।**

## যুক্ত হন

পরিবারের সদস্যেরা তাঁদের প্রিয়জনদের পক্ষ থেকে একটি উল্লেখযোগ্য ভূমিকা নিচ্ছেন এবং ন্যায় চাইছেন। এরকম অনেক পদক্ষেপ রয়েছে যেখানে কর্মক্ষেত্রে সমস্ত কর্মীদের জন্য স্বাস্থ্য এবং সুরক্ষার সুবিধা এবং নিজেদের প্রাপ্য সহায়তা লাভের জন্য সক্রিয় পরিবারের সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারেন।




# সহায়তা

- পরিবারের সদস্যেরা **কর্মক্ষেত্র দুর্ঘটনার আশেপাশের পরিবেশ সম্পর্কে সমস্ত যুক্তিগ্রাহ্য তথ্য দাবী করতে পারেন। পরিবারগুলি জেলা আইনজীবিকে তদন্ত করতে বলতে পারেন।** স্থানীয় OSHAএলাকা অফিস অথবা রাজ্যের জেলা অ্যাটর্নিকে আপনার ঘটনা বলতে অস্বস্তি বোধ করবেন না।

- আপনার প্রিয়জন এবং সারা বছর ধরে অজ্ঞান অবস্থায় যারা নিজেদের প্রাণ হারিয়েছেন তাঁদের সম্মান জানাতে কর্মীদের স্মরণ করার দিনে অংশগ্রহণ করুন। ক্ষতিগ্রস্তদের স্মরণ ও কর্মক্ষেত্রে সুরক্ষার বিষয়ে সচেতনতা গড়ে তোলার জন্য প্রতি বছর সারা দেশে পরিবারের সদস্যরা, ইউনিয়নের সদস্যরা, আইনজ্ঞ এবং অন্যান্য অনেক স্বাস্থ্য ও সুরক্ষা কর্মীরা একসাথে বিভিন্ন অনুষ্ঠানে যোগদান করেন। সারা দিন ধরে **"মৃতদের জন্য বিলাপ করুন এবং জীবিতদের জন্য লড়াই করুন"** এই শক্তিশালী বার্তার আবহ বজায় থাকে।

- জীবন বাঁচাতে কর্মক্ষেত্রে উন্নত স্বাস্থ্য ও সুরক্ষার জন্য লড়াই করতে একজন উকিল হয়ে উঠুন। এই সমস্ত দুর্ঘটনাগুলি প্রতিরোধ করা কতটা জরুরী তা আপনি এবং আপনার পরিবারের সদস্যেরা ছাড়া আর কেউ উপস্থাপন করতে পারবেন না। সরকারী আধিকারিক, সংগঠন এবং পরিবারগুলি যারা কর্মী ও তাঁদের পরিবারের ইতিবাচক পরিবর্তনে উন্নীত করার জন্য সক্রিয়ভাবে কাজ করছেন তাঁদের সাথে সচেতনতা বৃদ্ধির জন্য স্বাস্থ্য এবং সুরক্ষার বিষয়গুলি নিয়ে *WNYCOSH* ক্রমাগত কাজ করে চলেছে। **যদি আপনি অন্তর্ভুক্ত হতে চান অথবা জানতে চান স্বাস্থ্য ও সুরক্ষার ক্ষেত্রে সর্বাধিক সাম্প্রতিক উন্নতিগুলি কি কি অনুগ্রহ করে *WNYCOSH* এর সাথে যোগাযোগ করুন।**





wny cosh

# নিউ ইয়র্কের কর্মীদের ক্ষতিপূরণ বাবদ মৃত্যুর সুবিধা প্রদানের তথ্য পঞ্জী

কর্মীদের ক্ষতিপূরণ হল একটি বীমা যা এনওয়াই ডব্লিউসিএল §16 এর অধীনে কাজ-সম্পর্কিত আঘাতের কারনে মৃত্যু হলে নগদ সহায়তা প্রদান করে। একটি মৃত্যু কাজ-সম্পর্কিত হিসেবে উল্লেখ করা যায় যদি তা একটি নির্দিষ্ট আঘাতের কারনে অথবা একটি পেশাগত অসুখ/অবস্থার কারনে ঘটে।

কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের নির্দেশ অনুযায়ী, সাপ্তাহিক নগদ সহায়তা এবং চিকিৎসাগত যত্ন নিয়োগকর্তার বীমা বাহক প্রদান করেন। কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড হল একটি রাজ্যের প্রতিষ্ঠান যা এইসব দাবীগুলি প্রক্রিয়া করে। যদি বোর্ডের হস্তক্ষেপ প্রয়োজন হয়, বীমাকারী কত পরিমাণে নগদ সহায়তা এবং/অথবা চিকিৎসাগত যত্ন প্রদান করে, এবং প্রদান করা নগদ নির্দিষ্ট করে।

## নির্ভরশীল ব্যক্তিরা

- নির্ভরশীল ব্যক্তিরা দুর্ঘটনার এক বছর আগে পর্যন্ত মৃত কর্মীর প্রাপ্ত সাপ্তাহিক গড় মজুরীর 2/3 অংশ পর্যন্ত সাপ্তাহিক নগদ সহায়তা প্রাপ্ত হবার যোগ্য হন।
- সাপ্তাহিক ক্ষতিপূরণ অবশ্যই রাজ্যের নিয়মমাফিক সর্বোচ্চ পরিমাণের বেশি হবে না যা বর্তমানে $864.32
- অন্ত্যেষ্টির খরচের জন্য নিয়োগকর্তা $10,500 পর্যন্ত প্রদান করতে দায়বদ্ধ রয়েছেন।
- যদি কোন নির্ভরশীল ব্যক্তি জীবিত না থাকেন, পিতামাতা অথবা মৃত ব্যক্তির এস্টেট একটি $50,000 পরিমাণ অর্থ প্রাপ্ত হবার অধিকারী হবেন।

## ব্যতিক্রমগুলি

- নির্ভরশীল সদস্যদের মৃত্যুর কারনে সহায়তা পাওয়ার জন্য কর্মীর মৃত্যু কাজের সাথে সাধারণভাবে সম্পর্কিত মৃত্যু নয় এমন হতে হবে।
- যদি কোন আহত কর্মী সাময়িক প্রতিবন্ধকতা সুবিধা অথবা চিরস্থায়ী সুবিধা গ্রহণ করে থাকেন কিন্তু একটি সম্পর্কিত নয় এমন অসুখে মারা যান তাহলে মৃত্যুর সহায়তা এবং অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ পাওয়া যায় না।
- যদি তিনি পুনরায় বিবাহ না করেন, তাহলে জীবিত পত্নী বাকি জীবনে সুবিধাগুলিপান
- যদি জীবিত পত্নী পুনরায় বিবাহ করেন, তিনি দুই বছরের সুবিধার একটি মোট অর্থরাশি প্রাপ্ত হন

## সন্তান

- যদি জীবিত পত্নী অথবা পতির সাথে অপ্রাপ্তবয়স্ক সন্তান থাকে, সুবিধার পরিমাণ একই থাকে কিন্তু তা পতি অথবা পত্নী এবং অপ্রাপ্তবয়স্ক সন্তানের মধ্যে ভাগ হয়ে যায়।
- যখন জীবিত সন্তানের সংখ্যা একাধিক হয়, জীবিত পতি অথবা পত্নী 36.667% হারে সাপ্তাহিক সুবিধা পান এবং বাকিদের মধ্যে এই সুবিধা 30% ভাগে সমান ভাগ করে নেয়।
- জীবিত সন্তানরা আঠারো বছর বয়স হবার পর যদি না তাঁরা কলেজে ভর্তি হয় তাদের সুবিধা বন্ধ হয়ে যায়

# নমুনা FOIA

**FOIA কি?**

**FOIA হল একটি ফেডারেল আইন যা জনসাধারণের দ্বারা অনুরোধকৃত সরকারি নিয়ন্ত্রিত নথিগুলির পূর্ণ বা আংশিক প্রকাশের অনুমতি দেয় না যতক্ষণ না এইধরনের নথিগুলি ব্যক্তিগত গোপনীয়তা, জাতীয় নিরাপত্তা বা আইন প্রয়োগকারী ব্যবহারের জন্য ছাড় দেওয়া হয়।**





তারিখ
তথ্য আইনের স্বাধীনতা অফিসার সংগঠনের নাম
সংগঠনের ঠিকানা
শহর, রাজ্য, জিপ কোড

তথ্য আইনের স্বাধীনতার অনুরোধ

প্রিয়____________:

এটি হল তথ্য আইনের স্বাধীনতার অধীনে একটি অনুরোধ. আমি অনুরোধ করছি যে ___________ (এখানে কেস নম্বর এবং আপনার প্রিয়জনের নাম লিখুন) সম্পর্কিত সমস্ত নথি, ছবি এবংকেস #_ সম্পর্কিত উপকরণগুলি আমাকে দেওয়া হোক।

আমি এই তথ্যগুলি ব্যক্তিগত ব্যবহারের জন্য চাইছি, ব্যবসায়িক ব্যবহারের জন্য নয়. আমি সমস্ত ফি মকুব করতে অনুরোধ করছি কারন এটি সরকারের কার্যকলাপ এবং সক্রিয়তা বোঝার জন্য এবং এই দুর্ঘটনার পরিস্থিতি বুঝতে, আমার প্রিয়জনের শেষ মুহূর্ত জানতে, এবং শেষ পর্যন্ত এই অনুশোচনার মুহূর্তে আমাকে সাহায্য করার জন্য। (দ্রষ্টব্য: নীচেদেখুন)

আপনাকে ধন্যবাদএই অনুরোধ বিবেচনার জন্য ধন্যবাদান্তে,

নাম
ঠিকানা
শহর, রাজ্য, জিপ কোড
টেলিফোন

**যদি আপনি আপনার সমস্ত তথ্য অন্তর্ভুক্ত না করেন তাঁরা আপনার অনুরোধ রাখতে চাইবেন না।**

**(দ্রষ্টব্য*:* এমন কিছু ছবি অথবা তথ্য থাকতে পারে যা আপনি পেতে চান না এবং আপনাকে অবশ্যই মনে রাখতে হবে এটি আপনার অনুরোধে পেয়েছেন এবং আপনাকে হয়তো কোন তৃতীয় পক্ষের কাছে যেতে হবে যেমন একজন উকিল যিনি হয়তো আপনি কি দেখবেন তা নজরে রাখতে পারেন।*)***



wny cosh

WNYCOSH কর্মীকেন্দ্র

WNYCOSH হল কর্মক্ষেত্রে সনাক্তকরণ, মূল্যায়ন এবং কর্মক্ষেত্রের বিপদগুলি নিয়ন্ত্রণে সরাসরি প্রশিক্ষণের মাধ্যমে তরুণ কর্মী, শরণার্থী এবং অভিবাসী শ্রমিক, নিম্ন মজুরির শ্রমিক এবং উচ্চ বিপদযুক্ত শিল্পে নিযুক্ত শ্রমিক সহ হাজার হাজার শ্রমিককে ক্ষমতায়নের জন্য একটি অলাভজনক সমর্থন ও শিক্ষা প্রতিষ্ঠান।

অনুবাদের অর্থ প্রদান করা হয়েছে নিউ ইয়র্কের কর্মীদের কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও সুরক্ষার রাজ্য দপ্তর দ্বারা
যোগাযোগ নম্বর #DOL01-CC1676GG-3550000

বিশেষভাবে ধন্যবাদ নিম্নলিখিতদের:

MassCOSH

USMWF
USMWF.ORG

নকশা এবং সম্পাদনা করা হয়েছে-
এর দ্বারা:
এইমি লা ফ্রান্স, কর্নেল
হাই রোড ফেলো**2017**

2495 মেন স্ট্রিট, সুইট 438
বাফেলো, NY14214
টি: (716) 833-5416 x11, এফ: (716) 833-7507
WC হটলাইন: (716) 206-3550
info@wnycosh.org • wnycosh.org

এখানে থাকা মতামত, ফলাফল এবং/অথবা ব্যাখ্যাগুলি পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সম্পর্কিত পশ্চিম নিউ ইয়র্ক কাউন্সিলের দায়িত্ব এবং তা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবারের মতামত, বিশ্লেষণ অথবা নীতির প্রতিনিধিত্ব করবে তা জরুরী নয়।